তারিখ 10 MAR 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

আজকের কাগজ

204

ঢাকা বিশ্ববিদ্যালয়

# প্রতিদ্বন্দ্বী সংগঠনগুলোর মধ্যে যুদ্ধংদেহী ভাব

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় আবার অশান্ত হয়ে ওঠেছে। যে কোনো সময় তা মারাত্মক রূপ নিতে পারে। প্রতিদ্বন্দ্বী সংগঠনগুলোর মধ্যে যুদ্ধংদেহী ভাব ক্রমেই ঘনীভূত হচ্ছে।

ছাত্রলীগ নেতা মনিরুজ্জামান বাদল হত্যাকে কেন্দ্র করে ধাপে ধাপে ক্যাম্পাস পরিস্থিতি খারাপ হতে থাকে। বাদল হত্যাকান্ড ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দল হলেও ছাত্রদল এর ভেতর জড়িয়ে গেছে। কারণ হত্যাকান্ডের সঙ্গে জড়িতদের সংগঠন থেকে বহিষ্কার করলে ছাত্রদল আবার তাদের আশ্রয় দেয়। ছাত্রদল নিয়ন্ত্রিত শহীদুল্লাহ হল, সূর্যসেন হল, মুহসীন হল ও জিয়া হলে এসব বহিষ্কৃতদের দেখা গেছে। ডাঃ মিলন হত্যাকান্ডের সঙ্গে জড়িত অভি, নীরু, জুয়েল,সজলদের ছাত্রলীগে যেমন আশ্রয় দেয়া হয়েছিলো ছাত্রদলে তেমনি বাদল হত্যাকারীদের আশ্রয় দিয়ে শোধ নেয়া হলো। কিন্তু ছাত্রদলের একটি অংশ এই আশ্রয় দেয়াকে মেনে নিতে পারেনি।

আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে বাদল হত্যাকান্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে মোস্তফা মোহসিন মন্টুকে বরখাস্ত করার ফলে এর প্রভাব ক্যাম্পাসেও পড়ে। মোস্তফা মোহসিন মন্টুর পরিচালিত ছাত্রলীগের থার্ড ওয়ার্ড গ্রুপ ছাত্রদলের প্রচ্ছন্ন শক্তির সহায়তায় গত ৮ মার্চ মধুর কেন্টিনে ছাত্রলীগের সমাবেশ চলাকালে গুলিবর্ষণ করে। ক্যাম্পাসে জোর গুজব ছাত্রলীগ থেকে বহিষ্কৃত অংশটি অন্য একটি সংগঠনের সশস্ত্র শক্তির সহায়তায় জহুরুল হক হল, জগন্নাথ হল ও এস এম হলে চূড়ান্ত হামলা চালাবে।

এদিকে আবাসিক হলগুলোতে সশস্ত্র তরুণদের অবস্থান সত্ত্বেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বা আইন-শৃংখলা-রক্ষাকারী সংস্থার মৌন ব্রত পালন করছেন। আবাসিক শিক্ষকরা অস্ত্রধারীদের কাছে কার্যত অসহায়। হলে হলে অবস্থানকারী পুলিশ কখনই কার্যকর উদ্যোগ গ্রহণ করেনি। যদিও ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা রক্ষার স্বার্থে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই পুলিশকে হল তল্লাশির অনুমতি দেয়া হয়েছে। পুলিশকে জিজ্ঞেস করলে বলা হয়, ওপর থেকে নির্দেশ নেই।

সভা ও বিবৃতির মাধ্যমে ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ, 'নিন্দা জ্ঞাপন' নয়– আবার রক্তপাত, জীবনহানি এড়াতে আইন-শৃঙ্খলারক্ষাকারী সংস্থা, বিশ্ব-বিদ্যালয়ের সর্বোচ্চ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট হলগুলোর আবাসিক শিক্ষকদের সমবেত ও কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। নইলে ক্যাম্পাসে আবারো লাশ পড়বে, পরীক্ষা হবে না, সেশনজট পড়বে।

## উপাচার্যের সঙ্গে প্রভোস্ট হাউজ টিউটর ও প্রক্টরদের বৈঠক

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেপ্তারের জন্যে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে অনুরোধ জানিয়েছেন। উপাচার্য মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট , হাউজ টিউটর ও প্রক্টরের সভায় এই আহ্বান জানানো হয়। সভায় ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করা হয় এবং আইন-শৃংখলার ক্রমাবনতিতে উদ্বেগ প্রকাশ করা হয়। বর্তমান ক্যাম্পাস সমস্যাকে রাজনৈতিক বলে উল্লেখ করে সভায় বিবদমান দলগুলোকে যুদ্ধক্ষেত্র হিসেবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে ব্যবহার না করার আহ্বান জানানো হয়েছে। পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সভায় কতিপয় নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আলোচনা করা হয়। খবর বাসস।